গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

নম্বর- ৪৮.০২.০০০০.০০১.০০.৫০০.২০২০ - ৩২৯

তারিখঃ ০৯ আশ্বিন, ১৪২৭ বঃ
২৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ

বিষয় : **২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নতুন উদ্ভাবন আইডিয়া প্রেরণ।**

সূত্র : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং: ৪৮.০০.০০০০.০০৯.৩২.০০১.২০.১৪০; তারিখ-১৫.০৯.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের নতুন উদ্ভাবনী উদ্যোগ এবং ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প প্রস্তাব মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৪/০৯/২০২০

(মোঃ জহুরুল ইসলাম রোহেল)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯৩৩৭০৪৪
ই-মেইল-dg@jamuka.gov.bd

সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের নতুন উদ্ভাবনী উদ্যোগ বা ধারণা:

১। **ডিজিটাল প্রযুক্তিতে যোগাযোগ:** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে সেবাপ্রার্থীগণ বিভিন্ন বিষয়ে আবেদন করে থাকেন। আবেদন নিষ্পত্তির নিমিত্ত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সভায় শব্দ সৈনিক, যুদ্ধাহত, শহীদ, মুজিব নগর, [illegible], বীরাঙ্গনাসহ বিভিন্ন ক্যাটাগরীতে মুক্তিযোদ্ধা হিসেবে অন্তর্ভুক্তির বিষয়ে উপকমিটি গঠন করা হয়। জেলা, উপজেলা, মহানগর পর্যায়ের চলমান মুক্তিযোদ্ধা পুন:যাচাই-বাছাই কার্যক্রমের জন্য বিভাগীয় কমিটি গঠন করা হয়। তাছাড়াও মুক্তিযোদ্ধাগণ বিভিন্ন বিষয়ে অত্র দপ্তরে অসংখ্য অভিযোগ দাখিল করেন। তাঁদের আবেদন যাচাই-বাছাইয়ের জন্য ধার্যকৃত তারিখে প্রায় দুই শতাধিক প্রার্থীকেও নোটিশ জারী করতে হয়। অনিবার্য কারণে যাচাই-বাছাইয়ের তারিখ পরিবর্তন করা হলে পুনরায় নোটিশ জারী করতে হয় যা সময়সাধ্য এবং কষ্টসাধ্য। কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্বল্প সময়ের ব্যবধানে নোটিশ করা হলে দূর-দূরান্তের প্রার্থীদের যথাসময়ে নোটিশ প্রাপ্তি অনিশ্চিত হয়ে পড়ে। প্রাসঙ্গিক বিষয়ে সফটওয়ার তৈরির মাধ্যমে প্রার্থীদের এসএমএস করে তদন্তের তারিখ, বর্ণিত বিষয়ে হালনাগাদ তথ্যাদিসহ চূড়ান্ত ফলাফল সম্পর্কে অবহিত করা হলে সহজে সেবা প্রদান সম্ভব হবে। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

২। **হেল্প ডেস্ক স্থাপন:** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে দাপ্তরিক প্রয়োজনে প্রতিদিন অনেক মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা প্রার্থী আসেন। তাঁরা বিভিন্ন প্রয়োজনে অফিসে বিচ্ছিন্নভাবে ঘোড়াফেরা করেন। এতে দাপ্তরিক কাজের পরিবেশ নষ্ট হয়। ১টি কম্পিউটার, স্ক্যানার এবং প্রিন্টারসহ হেল্প ডেস্ক স্থাপন করে একজন কর্মচারীকে দায়িত্ব অর্পণ করা হবে। সেখানে প্রকাশযোগ্য সকল তথ্য মজুদ থাকবে। প্রয়োজনীয় তথ্যসমূহ হেল্প ডেস্কে দায়িত্বপ্রাপ্ত কর্মচারী সরবরাহ করবেন এবং সার্বিক সহযোগিতা প্রদান করবেন যাতে করে সহজে সেবা প্রদান সম্ভব হবে।

৩। **মুজিব কর্ণার কাম লাইব্রেরি স্থাপন:** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণ নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত হয়। মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা প্রার্থীগণ বিভিন্ন প্রয়োজনে প্রায় প্রতিদিন অত্রাফিসে আসেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী সম্পর্কিত তথ্য, ভিডিও চিত্র, মুক্তিযুদ্ধ সম্পর্কিত বই-পুস্তক সংরক্ষনের জন্য একটি লাইব্রেরী এবং একটি মুজিব কর্ণার স্থাপন করা হবে।

৪। **মুক্তিযুদ্ধ ভিত্তিক সেক্টর ম্যাপ:** মহান মুক্তিযুদ্ধের সময় বিভক্ত ১১টি সেক্টরে কোন কোন এলাকা ছিল তা চিহ্নিতকরণসহ দেয়ালের বিভিন্ন জায়গায় মুক্তিযুদ্ধের ১১ টি সেক্টরের সীমানা মানচিত্র স্থাপন করা হবে।

**জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে ০৩ টি ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প নিম্নরূপ:**

**১। সেবাপ্রার্থীদের বসার ব্যবস্থার উন্নয়ন:**

**বর্তমান অবস্থা:** বীর মুক্তিযোদ্ধা এবং তাদের উত্তরাধিকারীগণ বিভিন্ন প্রয়োজনে প্রতিদিন জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে আসেন। যাচাই-বাছাই চলাকালে কখনো কখনো পাঁচ শতাধিক প্রার্থীর আগমন ঘটে। দাপ্তরিক প্রয়োজনে তাদের দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। কিন্তু অত্র দপ্তরে বসার জন্য ভাল কোন ব্যবস্থা না থাকায় তারা বিচ্ছিন্নভাবে ঘোরাফেরা করেন। যার ফলে অফিসে কাজের পরিবেশ নষ্ট হয়। বসার জন্য ভাল কোন ব্যবস্থা না থাকায় অনেক বয়োবৃদ্ধ মুক্তিযোদ্ধা/ প্রার্থীর জন্য খুব কষ্টসাধ্য হয়ে পড়ে।

**কাঙ্খিত অবস্থা:** সেবাপ্রার্থীদের বসার জন্য সুবিধাজনক স্থান নির্ধারণ করা হবে। উক্ত স্থানে সারিবদ্ধভাবে বসার জন্য চেয়ার ক্রয় করাসহ উন্নতমানের ফ্যান স্থাপন করতে হবে। তাঁদের জন্য পানি পানের ব্যবস্থাসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সেবা প্রদান নিশ্চিত করা হলে অফিসে কাজের পরিবেশ সৃষ্টি হবে। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

**২। প্রয়োজনীয় অফিস স্পেস সংস্থান:**

**বর্তমান অবস্থা:** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কাজের পরিধি এবং জনবলের তুলনায় অফিসের প্রয়োজনীয় ফ্লোর স্পেস নেই। ফলে কর্মকর্তা-কর্মচারীদের বসার স্থান কর্মপরিবেশ উপযোগী নয়। অফিসের নথিপত্র বিচ্ছিন্নভাবে পড়ে থাকে। অত্রাফিসে দাপ্তরিক প্রয়োজনে অনেক সেবাপ্রার্থী আসেন। বিশেষ করে যাচাই-বাছাই কাজ শুরু হলে জায়গার স্বল্পতার কারণে দাপ্তরিক কাজের পরিবেশ নষ্ট হয় এবং সেবা প্রত্যাশীদের কষ্ট হয়।

**কাঙ্খিত অবস্থা:** জাতীয় স্কাউট ভবনের ১৩ তলার উত্তর পার্শ্বে ২২৭৫ বর্গফুট ফ্লোর স্পেস ভাড়া নেয়ার উদ্যোগ নেয়া হয়েছে। উক্ত স্পেস ভাড়া নেয়ার কাজ সম্পন্ন করে প্রয়োজনীয় ডেকোরেশন করা সম্ভব হলে অতিরিক্ত অংশে কয়েকটি শাখা স্থানান্তর করা সম্ভব হবে। ফলে দাপ্তরিক কাজের অনুকূল পরিবেশ সৃষ্টি হবে এবং সেবা প্রত্যাশীদের কষ্ট লাঘব হবে।

**৩। ওয়াশরুম ব্যবস্থাপনার উন্নয়ন:**

**বর্তমান অবস্থা:** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্মকর্তা/কর্মচারীসহ বিভিন্ন প্রয়োজনে প্রায়ই পাঁচ শতাধিক সেবাপ্রার্থীর আগমন ঘটে। কিন্তু অত্র দপ্তরে উন্নতমানের কোন ওয়াশরুম নেই। অত্র দপ্তরে যে ওয়াশরুমগুলো আছে সেগুলো মানসম্মত নয়।

**কাঙ্খিত অবস্থা:** ওয়াশরুম ব্যবহারকারীগণের শ্রেণীর ভিত্তিতে আলাদা আলাদাভাবে নির্ধারণ করতে হবে। মহিলাদের জন্য নির্ধারিত কক্ষগুলো আলাদা ব্লকে রাখার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে ওয়াশরুম সংস্কার করে বয়স্ক লোকদের জন্য হাই কমোড স্থাপন করতে হবে। প্রতিটি ওয়াশরুমের দরজায় পুরুষ ও মহিলা নির্ধারণকারী স্টিকার লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ওয়াশরুমগুলোতে ব্যবহারের জন্য বাস্কেট, টয়লেট টিস্যু, সাবান ইত্যাদি রাখাসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

খালেদা
২৪/০৭/২০২০
খালেদা খাতুন
কম্পিউটার অপারেটর
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২৪/০৭/২০২০
মোঃ হাফিজুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন-২)
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২৪/০৭/২০২০
মোহাম্মদ ইউছুফ
উপপরিচালক (উপসচিব)
প্রশাসন ও অর্থ শাখা
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
ফোনঃ ০২-৯৩৪৬৪৩১

মোঃ [illegible] ফকির
যুগ্ম সচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়